# A-level
# BENGALI

Paper 3 Listening, Reading and Writing

# Insert

Text to be used when answering Multi-skill task Question 6.

## Listening

### রাজনৈতিক দল, গণতন্ত্র ও দেশের উন্নয়ন

Make your notes below on the key points of the recording.

## Reading

### রাজনৈতিক দল, গণতন্ত্র ও দেশের উন্নয়ন

স্বাধীনতা পরবর্তী সময়ে সকল রাজনৈতিক দল বিভিন্ন লক্ষ্য নিয়ে একটি আধুনিক ও গণতান্ত্রিক বাংলাদেশ গড়ে তোলার জন্য কাজ করে যাচ্ছে।

সময়ের সাথে পাল্লা দিয়ে দেশে শিক্ষা ও স্বাস্থ্য খাতে বাড়তি বরাদ্দ, অবকাঠামোগত উন্নয়ন, বেসরকারি খাতে বিনিয়োগ, বৈদেশিক বাণিজ্য বৃদ্ধি, প্রযুক্তিগত উন্নয়ন ও ব্যবহার বাংলাদেশকে উন্নয়নের সোপানে এনে দিয়েছে। বাংলাদেশ এখন এশীয় ও প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে ১৩তম বৃহৎ অর্থনীতির দেশ। লিঙ্গবৈষম্য দূরীকরণে দক্ষিণ এশিয়ায় শীর্ষে বাংলাদেশ। উন্নয়নশীল দেশ হিসেবে বাংলাদেশ জাতিসংঘের স্বীকৃতি পেয়েছে আর এখন মধ্যম আয়ের দেশ হওয়ার পথে এগিয়ে চলছে।

স্বাধীন বাংলাদেশের উন্নয়ন কোনো সরকারের আমলেই থেমে থাকেনি। অন্যান্য দেশের তুলনায় বাংলাদেশে দারিদ্র্য কমানোয় অগ্রগতি তুলনামূলকভাবে বেশি দেখা গেছে। নিজস্ব অর্থায়নে বাঙালির স্বপ্নের সেতু ‘পদ্মা বহুমুখী সেতু’ আজ বাস্তবতা।

তবে উন্নয়নই কি একটি দেশের অগ্রগতির মাপকাঠি? একটি দেশের প্রকৃত অগ্রগতি মূলত নির্ধারিত হয় কিছু গুরুত্বপূর্ণ ধারণার ওপর। জনগণের জীবনযাত্রার বাস্তব মান, মানসম্মত কর্মকেন্দ্রিক শিক্ষা, কর্মসংস্থান, বিজ্ঞান ও প্রযুক্তিগত উদ্ভাবন এবং গবেষণা, ব্যক্তিগত ও সামাজিক নিরাপত্তা, রাজনৈতিক স্থিতিশীলতা, মত প্রকাশের স্বাধীনতা, ইত্যাদি বিষয়গুলোও উন্নয়নের প্রকৃত অবস্থা প্রকাশ করে।

বাংলাদেশে মাথাপিছু আয় ও অর্থনৈতিক সক্ষমতা বাড়লেও সমাজে ধনী-দরিদ্রের ব্যবধান বেড়েছে, বেড়েছে সামাজিক অস্থিতিশীলতা এবং নিরাপত্তাহীনতা। দেশের মানবাধিকার পরিস্থিতি, দুর্নীতি, সংবাদপত্রের স্বাধীনতা ও গণতান্ত্রিক পরিবেশসহ বেশ কিছু ক্ষেত্র এখন সমালোচনার কেন্দ্রবিন্দু। দেশে মানবাধিকার পরিস্থিতির অবনতি ঘটেছে। বৈশ্বিক পরিবেশ সংরক্ষণেও বাংলাদেশের অবস্থান একেবারে তলানিতে।

এটা মানতেই হয় যে স্বাধীনতা পরবর্তী ক্ষমতায় থাকা দলগুলো দেশের উন্নয়ন করেছে এবং অনেক ক্ষেত্রে উল্লেখযোগ্য অবদান রেখেছে। কিছু কিছু খাতে ঈর্ষণীয় উন্নতিও করেছে এই দেশ। তবে অপ্রিয় হলেও সত্য যে, কিছু গুরুত্বপূর্ণ বিষয়ে বাংলাদেশ অনেকটা পিছিয়ে পড়েছে। দেশের উন্নয়নের কৃতিত্ব যেমন রাজনৈতিক দলগুলোর তেমনি অগণতান্ত্রিক পরিস্থিতির দায়ভারও তাদের।

Turn over ▶

## Reading

Make your notes below on the key points of the reading text.

**Copyright information**

For confidentiality purposes, all acknowledgements of third-party copyright material are published in a separate booklet. This booklet is available for free download from www.aqa.org.uk after the live examination series.

Copyright © 2023 AQA and its licensors. All rights reserved.